শতবর্ষের আলোকে

শৈলেন্দ্র সরকার বিদ্যালয় (গভঃ স্পনসর্ড)

৬২এ শ্যামপুকুর স্ট্রীট, কলকাতা - ৭০০ ০০৪

সুধী,

আমরা অত্যন্ত আনন্দ ও গর্বের সঙ্গে জানাচ্ছি যে আগামী ৫ জানুয়ারি, ২০১৯ আমাদের **বিদ্যালয় শতবর্ষে পদার্পণ করছে।** সেদিন আমাদের বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা শৈলেন্দ্রনাথ সরকারকে স্মরণ করে একটি বর্ণাঢ্য প্রভাতফেরি পথ পরিক্রমা করবে। এই উপলক্ষে **আগামী ৭ জানুয়ারি ২০১৯ বিকেল পাঁচ ঘটিকায় একটি মহতী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে গিরিশ মঞ্চ প্রেক্ষাগৃহে।**

এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মাননীয় ***শিক্ষামন্ত্রী ড. পার্থ চ্যাটার্জী, মাননীয় সাংসদ শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়, মাননীয়া মন্ত্রী শ্রীমতী (ডা.) শশী পাঁজা, মাননীয় মন্ত্রী শ্রী সাধন পান্ডে, কলকাতা জেলা সর্বশিক্ষা মিশনের চেয়ারম্যান শ্রী কার্তিক মান্না এবং কলকাতা জেলার বিদ্যালয় পরিদর্শক শ্রী চিন্ময় সরকার মহোদয়গণ।*** সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করবেন বিদ্যালয়ের পরিচালন সমিতির সভাপতি **শ্রী শ্যামল কুমার সেন** মহাশয়।

এই দিন বিদ্যালয়ের শতবর্ষ স্মরণিকা প্রকাশিত হবে এবং বিশিষ্ট প্রাক্তন ছাত্র মাননীয় ***প্রাক্তন প্রধান বিচারপতি শ্রী শ্যামল কুমার সেন ও প্রখ্যাত চিকিৎসক ডা. গণেশ বেদজ্ঞ মহাশয়গণকে সংবর্ধনা দেওয়া হবে।***

শতবর্ষের এই অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করার জন্য আপনি আমাদের মধ্যে উপস্থিত থেকে এক সুবর্ণমন্ডিত ঐতিহাসিক অধ্যায়ের সাক্ষী হোন— এই আমাদের বিনীত অনুরোধ।

আশা করি, এভাবেই আমরা এগিয়ে চলবো নতুন ভবিষ্যতের দিকে।

বিনীত—

সদস্যবৃন্দ

শতবর্ষ উদ্‌যাপন কমিটি

২২ ডিসেম্বর, ২০১৮

কলকাতা

9903842942.
SAHADEV BHATTACHARJEE
SSBKOLKATA.IN.